C. S. (Main) Exam : 2011

Sl. No. D–DTN–L–CFA

# BENGALI

## Paper—I

( Literature )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 300 |
| --- | --- |

### INSTRUCTIONS

**Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any THREE of the remaining questions, selecting at least ONE question from each Section.**

**The number of marks carried by each question is indicated at the end of the question.**

**Answers must be written in BENGALI.**

## Section—A

**1.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দ সংখ্যা 200) : 20×3=60

(a) মধ্যভারতীয় আর্য ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করুন।

(b) প্রাচীন বাংলা ভাষার স্তরবিন্যাসটি চিহ্নিত করে তার লক্ষণগুলি আলোচনা করুন।

(c) বাংলা ভাষায় ধ্বনিপরিবর্তনের ধারাগুলি কী কী? ধ্বনিলোপ ও ধ্বনিরূপান্তর বিষয়ে বিস্তারিত লিখুন।

2. (a) সাধু ও চলিত গদ্যরীতির মূল পার্থক্য ঠিক কোথায়, উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 20

(b) বাংলা ক্রিয়ার রূপ নিয়ন্ত্রণে কোন্ দুটি বিষয়ের বিশেষ কোনো ভূমিকা নেই? ক্রিয়ার রূপ পরিবর্তনে কালের ভূমিকা কতখানি গুরুত্বপূর্ণ, আলোচনা করুন। 20

(c) বাংলায় উপভাষা কটি—নাম করুন। রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 20

3. (a) বাংলা বাক্যের গঠনগত বিন্যাসটি কী রকম তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 20

(b) বাংলা শব্দভাণ্ডারের পরিচয় দিন। বাংলা শব্দভাণ্ডারে পর্তুগীজ শব্দের আধিক্যের কারণ কী বলে আপনি মনে করেন? 20

(c) বাংলায় বহুবচন কীভাবে গঠিত হয়, উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 20

4. যে কোনো পাঁচটি টীকা লিখুন : 12×5=60

অর্থসঙ্কোচ ; জোড়কলম শব্দ ; ধ্বনির বিপর্যাস ; আদি স্বরাগম ; বিপ্রকর্ষ ; অসমাপিকা অনুসর্গ ; তালব্যীভবন।

## Section—B

5. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 20×3=60

(a) চর্যার পদগুলিতে তৎকালীন সামাজিক ও পারিপার্শ্বিক জীবনযাপনের যে চিত্র ফুটেছে, উদাহরণসহ তা বিশ্লেষণ করুন।

(b) গুণরাজখান কার নাম? কে এই অভিধা দিয়েছিলেন? তাঁর লেখা কাব্যটির সামগ্রিক বৈশিষ্ট্য বুঝিয়ে দিন।

(c) উনিশ শতকের বাংলা সাহিত্যে ঈশ্বর গুপ্তের দান বিশ্লেষণ করুন।

6. (a) বৈষ্ণব সাহিত্যে জ্ঞানদাস ও গোবিন্দদাসের কৃতিত্বের তুলনামূলক বিশ্লেষণ করুন। 20

(b) বাংলায় মহাভারত কে প্রথম অনুবাদ করেন? আপনার মতে বাংলা মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে, যুক্তি ও তথ্যসহ উত্তর দিন। 20

(c) বাংলা মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্রের কৃতিত্ব বিশ্লেষণ করুন। 20

7. (a) বাংলা গদ্যসাহিত্যে অক্ষয়কুমার দত্তের কৃতিত্ব বিশ্লেষণ করুন। বিদ্যাসাগরের সঙ্গে তাঁর গদ্যরীতির পার্থক্যটি বুঝিয়ে দিন। 20

(b) দীনবন্ধু মিত্র বাংলা নাট্যসাহিত্যকে কীভাবে পরিপুষ্ট করেছেন বলে আপনি মনে করেন? 20

(c) বাংলা মহাকাব্য রচনার ক্ষেত্রে মধুসূদনের কৃতিত্ব আলোচনা করুন। 20

8. (a) বাংলা উপন্যাসের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের স্বাতন্ত্র্য ও গুরুত্ব বিশ্লেষণ করুন। 20

(b) রবীন্দ্রনাথের নাটকগুলিকে কটি ভাগে ভাগ করা যায়? রূপক-সাংকেতিক নাটক রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দিন। 20

(c) উনিশ শতকে বাংলা সাহিত্যে আধুনিকতা আসার পিছনে কী কী কারণ কাজ করেছিল, বুঝিয়ে দিন। 20

★ ★ ★